সবার জন্য সেবা

# CENTRAL HOSPITAL LIMITED

House # 2, Road # 5, Green Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Tel : +88-02-41060800-19, E-mail : chl@bol-online.com
info@centralhospitalltdbd.com, Web : www.centralhospitalltdbd.com

বিসমিল্লাহির রাহমানির রাহিম

## মরহুমা মাহবুবা রহমান এর চিকিৎসা জনিত ঘটনার প্রেক্ষিতে সেন্ট্রাল হসপিটালের প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ০২/০৭/ ২০২৩

অত্র প্রেস রিলিসের শুরুতেই আমরা " সেন্ট্রাল হসপিটাল" পরিবার প্রয়াত মাহবুবা রহমান ও তাঁর সদ্য ভূমিষ্ট নবজাতক এর অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছি। আমরা শোকসন্তপ্ত পরিবারের ও সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি এবং মহান সৃষ্টি কর্তা পরম দয়ালূ আল্লাহ তালায়ার নিকট তাঁদের রুহের মাগফেরাত এবং জান্নাতুল ফিরদাউস যাতে নসীব হয় সেই প্রার্থনা করছি।

মরহুমা মাহবুবা রহমান এর চিকিৎসা সংক্রান্ত ঘটনার প্রেক্ষিতে সেন্ট্রাল হসপিটাল থেকে আনুষ্ঠানিক কোন প্রেস ব্রিফিং বা প্রেস বিজ্ঞপ্তি দেওয়া হয়নি। সেন্ট্রাল কর্তৃপক্ষের চাওয়া ছিল যে, সুষ্ঠ তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা উদঘাটিত হবে ও প্রকৃত দোষী শাস্তির আওতায় আসবে এবং তদন্তের পর সেন্ট্রাল কর্তৃপক্ষ তাঁদের বক্তব্য প্রদান করবেন। কিন্তু সেন্ট্রাল কর্তৃপক্ষ নিবর থাকার কারনে দেখা যাচ্ছে অনেক অসত্য ও উদ্দেশ্য প্রণোদিত তথ্য উপস্থাপিত হচ্ছে এবং তদন্তে প্রমানিত হওয়ার আগেই সেন্ট্রাল হাসপাতালকে দায়ী করা হচ্ছে। সেন্ট্রাল হসপিটালের সম্মানিত রোগী ও শুভানুধ্যায়ীরা প্রকৃত ঘটনা সম্পর্কে দেশবাসীকে জানানোর জন্য সেন্ট্রাল কর্তৃপক্ষকে তাগাদা দিয়েছেন। সেই প্রেক্ষিতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অদ্যকার প্রেস বিজ্ঞপ্তি প্রদান করা হলো- যা চলমান বা ভবিষ্যতে কোন তদন্ত কার্যক্রমকে প্রভাবিত করবে না।

মরহুমা মাহবুবা রহমানের চিকিৎসা ও এসংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাদিঃ

১। মরহুমা মাহবুবা রহমান, স্বামী মোঃ ইয়াকুব আলী , ঠিকানা ঃ তিতাস, কুমিল্লা, বিগত ০৯/০৬/ ২০২৩ তারিখ কুমিল্লার একটি স্বাস্থ্য কমপ্লেক্স এ প্রসবজনিত অসম্পূর্ণ চিকিৎসা ও লেবার পেইন নিয়ে হাতে ক্যানুলা লাগানো অবস্থায় দিবাগত রাত ( কার্যত ১০/ ০৬/ ২০২৩) আনুমানিক ১২.২৮ মিনিটে হসপিটালে প্রবেশ করেন।

২। মোঃ ইয়াকুব আলীর বক্তব্য অনুযায়ী সেন্ট্রাল হসপিটালে আসার আগে অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার সহকারী মোঃ জমির, মোবাইল নং- ০১৭১০৬০৭২৬০ এবং অধ্যাপক সংযুক্তা সাহার একজন

ব্যক্তিগত সহকারী চিকিৎসকের ( ডাঃ জেনীর) সাথে যোগাযোগ করে অধ্যাপক সংযুক্তা সাহার নিকট প্রসবজনিত সেবা নিতে আসেন।

৩। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা সিজারের পাশাপাশি নরমাল ডেলিভারী করেন বিধায় তাঁর ব্যক্তিগত বেশ কিছু ষ্টাফ রয়েছে এবং তাঁর রোগী দেখাশুনার জন্য সপ্তাহে প্রতি দিন বিভিন্ন ডাক্তারকে "অনকল ডাক্তার" হিসাবে নিয়োজিত রাখেন। ঐদিন ডাঃ শাহজাদী এবং ডাঃ জেনী (অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার ব্যক্তিগত ডাক্তার) তাঁর অন কল ডাক্তার ছিলেন। উল্লেখ্য যে, ডাঃ শাহজাদী আবার হসপিটালের বেতনভুক্ত মেডিকেল অফিসার এবং গাইনী বিভাগের ডেপুটি ইনচার্জ, ঐদিন তাঁর হসপিটালের কোন ডিউটি ছিল না। কিন্তু অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার নির্দেশমত প্রয়াত মাহবুবা রহমানের ডেলিভারী ম্যানেজ করার জন্য রাত প্রায় ১১ টা অবধি হসপিটালে আপেক্ষারত ছিলেন।

৪। মরহুমা মাহবুবা রহমান হসপিটালে আসলে ঐ সময় গাইনী বিভাগে ডিউটিরত মেডিকেল অফিসার ডাঃ মুনা সাহা রোগীনিকে রিসিভ করেন এবং ঐ সময়ের ডাঃ সংযুক্তা সাহার অনকল ডাক্তার হিসেবে ডাঃ শাহজাদীকে জানান। প্রসঙ্গত ডাঃ মুনার বক্তব্য থেকে জানা যায় যে, ঐদিন রাতে আনুমানিক ১০.৩০ ঘটিকার দিকে ডাঃ শাহজাদী, ডাঃ মুনাকে বলেন যে কুমিল্লা থেকে ডাঃ সংযুক্তা সাহা ম্যাডামের একটি পেশেন্ট আসবেন এবং পেশেন্ট আসলে যেন তাঁকে খবর দেওয়া হয়। একই সাথে ডাঃ শাহজাদীর বক্তব্য থেকে জানা যায় যে, রাতে যখন অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা রাউন্ড দিচ্ছিলেন তখন তিনি ডাঃ শাহজাদীকে বলেছেন যে কুমিল্লা থেকে একটি রোগী আসবেন এবং তা দেখার জন্য নির্দেশ দেন।

৫। রোগী আসার পর ডাঃ মুনা রোগীর বিষয়ে ডাঃ শাহজাদীকে ফোনে জানালে ডাঃ শাহজাদী রোগীকে ভর্তি দিতে বলেন ও সিটিজি করতে বলেন এবং তিনি আসছেন বলে ডাঃ মুনাকে জানান।

৬। রোগীনি কে সিটিজিতে নেওয়া হয়। সিটিজি চলতে থাকা অবস্থায় ডাঃ শাহজাদী আসেন এবং পেশেন্টের লোকদের সাথে আলাপ আলোচনা করে নরমাল ডেলিভারীর প্রসিডিউর অনুসরন করতে থাকেন। যেখানে মরহুমার মা উপস্থিত ছিলেন।

৭। এক পর্যায়ে রোগীর শারিরীক অবস্থার অবনতি হলে ( যাতে নরমাল ডেলিভারী করা সম্ভব নয়) সিজার করার জন্য দ্রুত অপারেশন থিয়েটারে নেওয়া হয়। সিজার করার জন্য প্রথমে অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার মনোনীত গাইনোকোলজিষ্ট অধ্যাপক ডাঃ সামিনা চৌধুরীকে ফোন দেয় এবং তাঁকে না পেয়ে অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার মনোনীত অপর গাইনোকোলজিষ্ট ডাঃ মাকসুদা ফরিদা

আক্তার মিলিকে ফোন দেওয়া হয়। পাশাপাশি এনেসথেসিয়ার কন্সালটেন্ট ডাঃ জামিল এবং বেবি ম্যানেজমেন্টের জন্য কনসালটেন্ট ডাঃ সাখাওয়াত আলম কে ফোন দেওয়া হয়। উক্ত কাজ গুলো সম্পাদন করেন ডাঃ শাহজাদী, ডাঃ মুনা ও ডাঃ রোকেয়া।

৮। রোগীকে ওটিতে নেওয়ার পর কার্ডিয়াক এরেস্ট হয় বিধায় উপস্থিত ডাক্তাররা রোগীকে "সিপিআর" দেন এবং একপর্যায়ে রোগীর শ্বাস প্রশ্বাস স্বাভাবিক হয়। এসময় এনেসথেসিয়ার এবং বাচ্চার কন্সালটেন্টরা পরামর্শ দেন যে লাইফ সেভিং এর জন্য দ্রুত সিজার সম্পন্ন করতে হবে এবং উপস্থিত ডাক্তারদের মধ্যে সিনিয়ার হিসাবে তাঁরা ডাঃ শাহজাদিকে সিজার করতে বলেন এবং তৎক্ষণাৎ সিজারের মাধ্যমে বাঁচ্চা বের করা হয়। উল্লেখ্য যে, বাঁচ্চা বের করার প্রায় ১০-১৫ মিনিট পরে গাইকোলজিষ্ট ডাঃ মিলি উপস্থিত হন। প্রসঙ্গত বলা হয় শ্বাস প্রশ্বাস স্বাভাবিক হওয়ার ৩- ৫ মিনিটের মধ্যে সিজার সম্পন্ন করা হলে লাইফ সেভিং এ সহায়ক হয়।

৯। পরবর্তীতে ডাঃ মিলি রোগীর অভিভাবকের সম্মতিক্রমে সিজারের পরবর্তী কার্যক্রম সম্পন্ন করেন এবং রোগীর আইসিইউ সাপোর্ট প্রয়োজন বিধায় রোগীকে পাশেই অবস্থিত সেন্ট্রালের আইসিইউতে শিফট করা হয়। আর ইতোমধ্যে বাঁচ্চার শারীরিক অবস্থা খারাপ বিধায় বাঁচ্চাকে সেন্ট্রালের এনআইসিইউতে পাঠানো হয়।

১০। বাদীর ( মোঃ ইয়াকুব মিয়ার) বক্তব্য অনুযায়ী ভোর আনুমানিক ৪.৫০ মিঃ এ কর্তব্যরত উপপরিচালক ডাঃ মাসুদ পারভেজ কে ঘটনা সম্পর্কে অবহিত করেন।

১১। ১০-০৬-২০২৩ তারিখ দিনের বেলা কয়েকজন কন্সালটেন্ট রোগীকে ভিজিট করেন এবং কার্ডিওলজিষ্ট মতামত দেন যে রোগীর "সিসিইউ" সাপোর্ট প্রয়োজন। ইতোমধ্যে রোগীর স্বামী ৯৯৯ এ ফোন দিয়ে ধানমন্ডি থানা পুলিশ ডেকে আনেন এবং ধানমন্ডি থানা পুলিশের উপস্থিতিতে ল্যাব এইড হসপিটালের সিসিইউ তে রোগীনিকে শিফট করা হয়।

১২। ১০-০৬-২০২৩ তারিখ বিকাল ৫.৩০ টায় বাঁচ্চা ইন্তেকাল করেন। বাঁচ্চার মৃত্যুর খবরটি এবং লাশ নেওয়ার জন্য তাঁদের আত্মীয়দের বলা হলে তাঁরা জানান যে তাঁরা মাহবুবাকে নিয়ে ব্যস্ত। অতঃপর তাঁদের সম্মতিক্রমে সেন্ট্রালের মরচুয়ারীতে বাঁচ্চার লাশ রাখা হয়।

১৩। পরবর্তীতে মাহবুবার স্বামী অভিযোগ উত্থাপন করেন যে, হসপিটাল কর্তৃপক্ষ তথ্য গোপন করেছেন । অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা যে নেই তা তাঁরা বলেন নি। হসপিটাল থেকে নাকি তাঁকে বলা হয়েছে যে অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা আছেন।

# CENTRAL HOSPITAL LIMITED

House # 2, Road # 5, Green Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Tel : +88-02-41060800-19, E-mail : chl@bol-online.com
info@centralhospitalltdbd.com, Web : www.centralhospitalltdbd.com


১৪। প্রায় ৮ দিন পর চিকিৎসারত অবস্থায় ল্যাব এইড হসপিটালের সিসিইউতে মাহবুবা রহমান বিগত ১৮.০৬. ২০২৩ তারিখে ইন্তেকাল করেন। মাহবুবা রহমান মারা যাওয়ার পর ধানমন্ডি থানা পুলিশ বাঁচ্চার লাশ সেন্ট্রালের মরচুয়ারী থেকে নিয়ে যান। উল্লেখ্য যে, ল্যাব এইড হসপিটালের সিসিইউ তে মাহবুবা রহমানের চিকিৎসার সকল খরচ, কুমিল্লা পর্যন্ত মরদেহ পরিবহনের খরচ সহ আনুসঙ্গিক সকল খরচ মানবিক কারনে ও কর্তৃপক্ষের নির্দেশনায় সেন্ট্রাল হসপিটাল বহন করেছে।

১৫। এদিকে ১৪/০৬/২০২৩ তারিখ দিবাগত রাতে ধানমন্ডি থানা পুলিশ পেনাল কোডের ৩০৪ (ক) ধারায় একটি মামলা গ্রহণ করেন। মামলায় ৬ জনকে অভিযুক্ত করা হয়। এদিন দিবাগত রাতে ১৫/০৬/ ২০২৩ তারিখ ১ নং অভিযুক্ত ডাঃ মুনা এবং এবং ২ নং অভিযুক্ত ডাঃ শাহজাদীকে গ্রেফতার করেন। ঐদিন বিজ্ঞ আদালত ১৬৪ ধারায় জবানবন্দি গ্রহণ করে ডাঃ মুনা ও ডাঃ শাহজাদীকে কারাগারে প্রেরণ করেন ।

১৬। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা বিভিন্ন মিডিয়াতে সেন্ট্রালকে দোষারোপ করে উদ্দেশ্যমূলক বিভিন্ন বক্তব্য দিতে থাকেন এবং গত ২০/০৬/ ২০২৩ তারিখে আনুষ্ঠানিক সংবাদ সম্মেলন করে সেন্ট্রালের নামে বিভিন্ন ভিত্তিহীন বদনাম করেন । যার উল্লেখযোগ্য অংশ নিম্নরুপ-

ক) সেন্ট্রালে কোন নিয়ম কানুন নেই ?

খ) তাঁর অবর্তমানে তাঁকে না জানিয়ে রোগী ভর্তি করে অপরাধ করেছে।

গ) এই ঘটনার জন্য একমাত্র দায়ী সেন্ট্রাল হসপিটাল।

ঘ) তাঁকে নাকি বেশি বেশি রোগী দেখতে উৎসাহিত করা হত।

১৭। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার এই ধরনের বক্তব্য ৭ দিনের মধ্যে প্রত্যাহার করার জন্য সেন্ট্রালের পক্ষ থেকে তাঁকে লিগ্যাল নোটিশ পাঠানো হয়। অন্যথায় তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে মর্মে তাঁকে জানানো হয়।

১৮। ২৪/০৬/ ২০২৩ তারিখে ডাঃ সংযুক্তা সাহা আরেকটি প্রেস ব্রিফিং করে বলেন যে, তিনি নাকি নরমাল ডেলিভারীর রোগীর বিলের মধ্যে ২২-৩০ হাজার টাকা পেতেন এবং ৭০ হাজার সেন্ট্রাল হসপিটাল পেত। তিনি আরো বলেন যে, তিনি বিদেশে থাকা অবস্থায় তাঁর রোগী দেখার জন্য গত ০৯ -০৬-২৩ তারিখে প্রফেসর সামিনা চৌধুরীকে মোবাইলে মেসেজ দিয়ে যান এবং মেসেজটি

তিনি প্রেস ব্রিফিং এ পাঠ করেন। তিনি আরো বলেন যে, তাঁর চেম্বার বন্ধ থাকলে ওপিডিতে রোগীর সিরিয়াল নেওয়া বন্ধ থাকে বিধায় শনিবার এবং রবিবারের সিরিয়াল নেওয়া হয়নি।

১৯। মাহবুবা রহমানের চিকিৎসা সংক্রান্ত উক্ত ঘটনার প্রেক্ষিতে প্রকৃত সত্য উদঘাটনের লক্ষ্যে সেন্ট্রাল হসপিটাল কর্তৃপক্ষ দেশের খ্যাতনামা বিশেষজ্ঞ চিকিৎসকদের সমন্বয়ে ৬ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেন।

২০। এদিকে ১৬-০৬-২০২৩ তারিখে স্বাস্থ্য অধিদপ্তর এর টিম সেন্ট্রাল হসপিটাল সরেজমিন পরিদর্শন করে ৭ টি নির্দেশনা প্রদান করেন- যা সেন্ট্রাল হসপিটাল কর্তৃপক্ষ পূর্ণ বাস্তবায়নের লক্ষ্যে কাজ করছে।

## উক্ত অনাকাঙ্ক্ষিত দূর্ঘটনা ও তৎপরবতী বিষয় সম্পর্কে সেন্ট্রাল হসপিটালের পর্যবেক্ষণঃ

১। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার ২টি প্রেস ব্রিফিংই অসত্য, বিভ্রান্তিকর ও উদ্দেশ্য প্রণোদিত। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার অসত্য ও উদ্দেশ্য প্রণোদিত বক্তব্যে সেন্ট্রালের সুনাম মারাত্মকভাবে ক্ষুন্ন হয়েছে। পাশাপাশি তিনি নিজের দায় সেন্ট্রালের উপর চাপানোর চেষ্টা করছেন।

২। সেন্ট্রাল হসপিটাল অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহাকে কোন কমিশন দেয়ও নি এবং তার নিকট থেকে কমিশন নেয়ও নি।

৩। হসপিটালের বিল কত এবং ডাক্তারের বিল কত তা বিলে উল্লেখ থাকে। বিল সক্রান্ত বিষয়ে অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার বক্তব্য সম্পূর্ণ অসত্য। উল্লেখ্য যে, ইতোমধ্যে বেশ কিছু বিল যাচাইয়ের জন্য তদন্তকারী কর্তৃপক্ষ নিয়ে গেছেন।

৪। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা সেন্ট্রাল হসপিটাল কর্তৃপক্ষকে না জানিয়ে দুবাই গিয়েছেন।

৫। ১০-০৬-২০২৩ তারিখে ডাঃ সংযুক্তা সাহার রোগীর এপয়নমেন্ট নেওয়া হয়েছে এবং এর প্রমানও আছে।

৬। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার জোড়পূর্বক নির্দেশ ছিল তার অনুপস্থিতিতে তাঁর নামে রোগী ভর্তি দিতে হবে। ইতোপূর্বেও তাঁর অবর্তমানে তাঁর নামে রোগী ভর্তি হয়েছে এবং তাঁর মনোনীত কন্সালটেন্টরা রোগীর চিকিৎসা দিয়েছেন।

# CENTRAL HOSPITAL LIMITED
House # 2, Road # 5, Green Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Tel : +88-02-41060800-19, E-mail : chl@bol-online.com
info@centralhospitalltdbd.com, Web : www.centralhospitalltdbd.com


৭। সেন্ট্রালের যে নিয়ম কানুন নেই তাহলে ডাঃ সংযুক্তা সাহা ২০০৭ সাল থেকে কিভাবে অত্র প্রতিষ্ঠানে কাজ করলেন? তাছাড়া বিভিন্ন ভিডিও মাধ্যমে হসপিটালকে প্রমোট করলেন কেন?

৮। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা একটি প্রেস ব্রিফিং এ বলেছেন সেন্ট্রাল হসপিটালে বেশি সময় দেন তাই তিনি অন্য একটি প্রতিষ্ঠানের চেম্বার করা বন্ধ করেছেন। সেন্ট্রালের যদি নিয়ম কানুন না থাকে তাহলে তিনি অন্য একটি প্রতিষ্ঠান ছেড়ে আসলেন কেন ? প্রকৃত অর্থে তিনি সেন্ট্রালের সার্ভিস ও সিস্টেম সম্পর্কে সব সময় সেন্ট্রাল কর্তৃপক্ষকে ধন্যবাদ প্রদান ও প্রশংসা করেছেন।

৯। মোঃ জমির এর সাথে রোগীর কথোপকথন এর রেকর্ড এবং রাত ১০.৩০ পর থেকে রাত ৩ টা পর্যন্ত উক্ত রোগীর বিষয়ে অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার মোবাইল এর কল লিষ্ট এবং Whatsapp এবং মেসেঞ্জার এর কথোপকথন ফরেনসিক করে রেকর্ড যাচাই করলে সব স্পষ্ট হয়ে যাবে।

১০। ডাঃ শাহজাদী জানান যে, অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার সাথে উক্ত রোগীর বিষয়ে মোবাইলেও কথা হয়েছে।

১১। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার মোবাইলটি ফরেনসিক টেস্ট করলে সুস্পষ্ট তথ্য পাওয়া যাবে।

১২। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা সেন্ট্রাল হসপিটাল ছাড়া আরো হসপিটালে চেম্বার করতেন।

১৩। প্রকৃত বিষয় হচ্ছে যে, নরমাল ডেলিভারী এবং তাঁর রোগীদের জন্য অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার টিম ছিল । তাঁর অন কল ডাক্তার ছিল। অনকল ডাক্তাররাই তার রোগী ডিল করতেন। সেন্ট্রালের ডাক্তাররা অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা ও তাঁর টিমের নির্দেশনা অনুসারে দায়িত্ব পালন করেন মাত্র।

১৪। উক্ত রোগীকে অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার আন্ডারে ভর্তির বিষয়ে প্রশাসন/ ম্যানেজমেন্টের কোন ধরনের সম্পৃক্ততা নেই।

১৫। মরহুমা মাহবুবা রহমান এর স্বামী ইয়াকুব আলী নিজেই বলেছেন যে তিনি আনুমানিক ভোর ৪.৫০ এ হসপিটালের দায়িত্বরত উপ পরিচালক ডাঃ মাসুদ পারভেজকে এ বিষয়ে অবহিত করেন। এদিকে মোঃ ইয়াকুব আলী আবার বলছেন যে, সেন্ট্রাল কর্তৃপক্ষ নাকি বলেছে অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা আছেন - তাঁর (মোঃ ইয়াকুব আলীর) উক্ত বক্তব্যের কোন সত্যতা পাওয়া যায় নি।

১৬। অধ্যাপক ডাঃ সংযুক্ত সাহার ব্যক্তিগত সহকারী জমির ও অন্যান্যদের সাথে কি কথা হয়েছে তা শুধু মোঃ ইয়াকুব আলী এবং তাঁরাই বলতে পারবেন।



CHL-74 (05-22-50,000)
Revision No : 00

# CENTRAL HOSPITAL LIMITED

House # 2, Road # 5, Green Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Tel : +88-02-41060800-19, E-mail : chl@bol-online.com
info@centralhospitalltdbd.com, Web : www.centralhospitalltdbd.com


সবার জন্য সেবা

১৭। ডাঃ সংযুক্তা সাহার সহকারী জমির তাঁর ব্যক্তিগত ষ্টাফ। রোগী/ রোগীর স্বামী মোঃ ইয়াকুব আলী, ডাঃ সংযুক্তা সাহার সহকারী মোঃ জমির এর সাথে যোগাযোগ করে হসপিটালে আসেন। হসপিটালের কোন ষ্টাফ/ চিকিৎসকের সাথে কথা বলেন নি।

১৮। মোঃ জমির এর সাথে মামলার বাদী মোঃ ইয়াকুব আলী এবং ডাঃ শাহজাদী ও অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার সাথে এ সংক্রান্ত বিষয়ে সকল কথোপকথন জানতে পারলে প্রকৃত ঘটনা জানা যাবে।

১৯। সেন্ট্রাল হসপিটাল কর্তৃপক্ষ উক্ত ঘটনা সম্পর্কে জানতে পারেন ভোর প্রায় ৪.৫০ এ দিকে।

২০। ম্যানেজমেন্ট যখন উক্ত ঘটনা সর্ম্পকে জানতে পারেন তখন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন।

২১। মিডিয়ার মাধ্যমে ডাঃ শাহজাদী এবং ডাঃ মুনার ১৬৪ ধারায় বক্তব্য সংক্রান্ত তথ্য আসে। সেখানে দেখা যায় যে, ডাঃ শাহজাদী বলেছেন যে উক্ত রোগীর বিষয়ে অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহার সাথে মোবাইলেও কথা হয়েছে।

২২। রোগী কুমিল্লার একটি স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিয়ে হাতে ক্যানুলা সহ হসপিটালে আসেন। প্রসঙ্গত যে, স্যোসাল মিডিয়া ও পত্র পত্রিকার মাধ্যমে জানা যায় যে, রোগী কুমিল্লার তিতাস উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে NVD ( নরমাল ডেলিভারীর) চেষ্টা করেছিলেন এবং সেখানকার ডাক্তাররা নাকি বলেছিলেন NVD ( নরমাল ডেলিভারীর) হবে না, সিজার করতে হবে। কিন্তু উক্ত বিষয়টি মোঃ ইয়াকুব আলী বা রোগীর স্বজনরা অত্র হসপিটালে ভর্তির সময় বা পরবর্তীতে ডাক্তারদের বা হসপিটালের কাউকে কিছু বলেন নি। বরং ডাঃ শাহজাদির ভাষ্যমতে রোগী ও রোগীর অভিভাবকের একান্ত ইচ্ছায় নরমাল ডেলিভারীর চেষ্টা করা হয়েছে।

২৩। রোগীর সকাল থেকে লেবার পেইন উঠে । কুমিল্লা থেকে সেন্ট্রাল হাসপাতালে আনা হয় প্রায় ১৫-১৬ ঘন্টা পরে । এতে রোগীর অবস্থার অবনতি ঘটে, যাকে prolonged labour এর Complications বলা হয়।

২৪। সকালবেলা থেকে রোগীর লেবার পেইন উঠে এবং কুমিল্লা থেকে এতপথ জার্নি করে ও এত সময় পড়ে সেন্ট্রালে চিকিৎসা নিতে আসেন। সেক্ষেত্রে কুমিল্লার এই স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মানিত চিকিৎসকরা রোগীর কি ডায়াগনোসিস করেছিলেন এবং কি এডভাইস করেছিলেন , কুমিল্লা থেকে সেন্ট্রালে আসা পর্যন্ত কি কি ঘটনা ঘটেছে এবং রোগীর অবস্থা কেমন ছিল -এসংক্রান্ত বিষয়ে সঠিক তথ্যাদি জানা একান্ত প্রয়োজন এবং মেডিকেল এক্সপার্টদের মতামত নেওয়া একান্ত আবশ্যক।



CHL-74 (05-22-50,000)
Revision No : 00

House # 2, Road # 5, Green Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Tel : +88-02-41060800-19, E-mail : chl@bol-online.com
info@centralhospitalltdbd.com, Web : www.centralhospitalltdbd.com


২৫। অভিযোগ প্রমানিত হওয়া ছাড়াই ডাঃ শাহজাদী ও ডাঃ মুনা সাহাকে কারাগারে অন্তরীণ রাখা দুঃখজনক এবং এতে করে হসপিটালের সেবাপ্রদানকারী ডাক্তার ও ষ্টাফদের মাঝে ভীতি বা আস্থার সংকট সৃষ্টি হচ্ছে।

২৬। অপারেশন থিয়েটারে রোগীর লাইফ সেভিং এর জন্য ডাঃ জামিল, ডাঃ আলম এবং পরবর্তীতে ডাঃ মিলি সহ পুরো টিম প্রশংসাযোগ্য ভূমিকা রেখেছেন।

২৭। প্রসঙ্গত যে, সেন্ট্রাল হাসপাতালে কর্তব্যরত ডাক্তার গন Medical Ethics মেনে Professional way তে চিকিৎসা দেন এবং রোগীর স্বার্থ বিবেচনা করে সময়োপযোগী সিদ্ধান্ত নেন।

২৮। প্রাপ্ত তথ্যে উক্ত ঘটনায় সেন্ট্রাল হাসপাতালের গাফিলতি বা অবহেলা প্রতিয়মান হয় না।

২৯। উপরন্তু মোঃ ইয়াকুব আলী কর্তৃক ফৌজদারী মামলার দ্বারা ডাক্তারদের আটক রাখা ও অন্যান্যদের হয়রানী করা এবং পাশাপাশি অভিযোগ প্রমাণিত হওয়া ছাড়াই বিপুল অংকের (দুই কোটি) টাকা ক্ষতিপূরণ দাবী করা স্ববিরোধী ।

<u>এ বিষয়ে সেন্ট্রাল হসপিটালের বক্তব্য হচ্ছে যে,</u>

১। মরহুমা মাহবুবা রহমান কুমিল্লার যে স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিয়েছেন ঐ স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মানিত চিকিৎসকরা রোগীর কি ডায়াগনোসিস করেছিলেন এবং কি এডভাইস করেছিলেন , কুমিল্লা থেকে সেন্ট্রালে আসা পর্যন্ত কি কি ঘটনা ঘটেছে এবং রাস্তায় রোগীর অবস্থা কেমন ছিল এসংক্রান্ত সকল তথ্য উপাত্ত নিয়ে প্রকৃত ঘটনা কি ঘটেছে-তা উদঘাটন করা হোক এবং প্রকৃত দোষীদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করা।

২। শুধু অভিযোগের ভিত্তিতে কারাগারে অন্তরীণ ডাঃ মুনা সাহা এবং ডাঃ শাহজাদীর মুক্তি প্রদান।

৩। অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা কর্তৃক বিভিন্ন প্রেস বিফ্রিং এ সেন্ট্রাল হসপিটালকে দায়ী করে যে বক্তব্য দিয়েছেন তা অসত্য এবং উদ্দেশ্য প্রনোদিত। হসপিটাল কর্তৃপক্ষ এই ঘটনা জানতে পারেন ঐদিন ভোর ৪.৫০ টায় এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন। প্রসঙ্গত যে, অধ্যাপক ডাঃ সংযুক্তা সাহা ১০ জুন, ২০২৩ তারিখ রাত ১.৪০ মিনিটে দুবাইয়ের উদ্দেশ্যে যাত্রার পূর্বের উক্ত রোগী হসপিটালে আসবেন মর্মে অবহিত হন এবং উক্ত রোগীর চিকিৎসা কিভাবে হবে তা তাঁর অন কল ডাক্তারদের নির্দেশনা দিয়ে, হসপিটাল কর্তৃপক্ষকে অবহিত না করেই চলে যান।

# CENTRAL HOSPITAL LIMITED

House # 2, Road # 5, Green Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Tel : +88-02-41060800-19, E-mail : chl@bol-online.com
info@centralhospitalltdbd.com, Web : www.centralhospitalltdbd.com

৪। হসপিটালের অন্যান্য রোগীদের যাতে সেবা কার্যক্রম নির্বিঘ্নে করা যায় সে বিষয়ে সকল স্টেক হোল্ডারের সহায়তা কামনা।

৫। অভিযোগ প্রমানিত হওয়া ছাড়াই বিভিন্নভাবে চাপ প্রয়োগ করে সেন্ট্রাল হসপিটাল কে দোষী হিসেবে সাব্যস্ত করে কোন সিদ্ধান্ত চাপিয়ে না দেওয়া এবং অভিযোগ প্রমাণিত হওয়ার ভিত্তিতে আইন অনুযায়ী বিষয়টির সমাধান করা। মোট কথা সত্য যাতে উদঘাটিত ও প্রকাশিত হয়।

পরিশেষে বলতে চাই যে, আশির দশকে এদেশে চিকিৎসা ব্যবস্থা যখন অপ্রতুল তখন জাতির জনক বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের মানসে প্রয়াত জাতীয় অধ্যাপক ডাঃ এম আর খান এবং প্রখ্যাত সার্জন অধ্যাপক ডাঃ মতিওর রহমানের নেতৃত্বে বিভিন্ন পেশার কতিপয় মানব হিতৈষী উদ্যোক্তা এই হসপিটাল প্রতিষ্ঠা করেন- যা মূখ্য উদ্দেশ্য ছিল স্বল্প মূল্যে গণমানুষকে চিকিৎসা সেবা প্রদান এবং চিকিৎসা সেবা গ্রহণে রোগীদের বিদেশ নির্ভরতা কমানো। সেন্ট্রাল হসপিটাল তার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

তাই স্বার্থান্বেষী মহলের অসত্য প্রচারনায় বিভ্রান্ত না হওয়ার জন্য সম্মানিত সেবা গ্রহীতা, শুভানুধ্যায়ী সহ সকল বিবেকবান গণ মানুষকে অনুরোধ করা যাচ্ছে। পাশাপাশি সম্মানিত চিকিৎসক সমাজ, সেবা গ্রহীতা, শুভানুধ্যায়ী, কর্তৃপক্ষ সহ সংশ্লিষ্ট সকল অংশিজনকে পাশে থাকার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। আল্লাহ হাফেজ।

সেন্ট্রালের হসপিটালের পক্ষে

2/7/2023

(ডাঃ এম. এ. বি সিদ্দিক)
পরিচালক
সেন্ট্রাল হসপিটাল লিঃ

(ডাঃ এম.এ. কাশেম)
ভাইস চেয়ারম্যান ও পরিচালক
সেন্ট্রাল হসপিটাল লিঃ